

নারী উন্নয়ন ও জেডার সমতা আনয়নে জাতীয় মহিলা সংস্থা মিলেনিয়ামে ডেভেলপমেন্ট গোল এবং দারিদ্র বিমোচন কৌশল পত্র এর আলোকে নারী উন্নয়নে বিভিন্ন রাজস্ব, উন্নয়ন কার্যক্রম, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করছে।

জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা এর সিটিজেন চার্টারঃ

| ক্রঃ নং | কার্যক্রম | সেবা সমূহ | লক্ষ্য ও উদ্দেশ্য | সেবা গ্রহণকারী ব্যক্তি/সংস্থা | সেবা প্রাপ্তির স্থান | সেবা প্রাপ্তির সময় সীমা | সেবা গ্রহণের যোগ্যতা/নিয়মাবলী/মানদণ্ড/শর্ত | সেবাদানকারী কর্তৃপক্ষ | মন্তব্য |
|---------|---|--|--|---|--|--------------------------------------|---|---|--|
| ০১ | বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম | দর্জি বিজ্ঞান (সেলাই ও এমব্রয়ডারী) | বৃত্তিমূলক ও ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে দেশের বেকার ও দুঃস্থ মহিলাদের কর্মক্ষম করে গড়ে তোলার মাধ্যমে আত্ম-কর্মসংস্থান ও আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা | দেশের অনগ্রসর, অবহেলিত, দরিদ্র বেকার মহিলা | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা কার্যালয় | আবেদনের পর ১৫-৩০ দিনের মধ্যে | নূন্যতম ৫ম শ্রেণী পাশ | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা চেয়ারম্যান ও জেলা কর্মকর্তা | ০৪ (চার) মাস মেয়াদী প্রতি ব্যাচে ২ শিফটে ৩০ জন |
| ০২ | আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা কর্মসূচী | ১। স্ব-কর্ম সহায়ক ঋণ কার্যক্রমঃ (মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ তহবিল হতে প্রাপ্ত অর্থ দ্বারা পরিচালিত, সার্ভিস চার্জ-১০%)। এককভাবে সর্বোচ্চ ৫,০০০/- এবং দলগতভাবে ২৫,০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। ২। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমঃ (সার্ভিস চার্জ-৫%)। এককভাবে ৫,০০০-১৫,০০০/- টাকা পর্যন্ত ঋণ দেয়া হয়। | দরিদ্র, বেকার, দক্ষ, অদক্ষ, উদ্যোগী মহিলাদের ঋণ প্রদানের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা | দুঃস্থ, অসহায়, বেকার ও উদ্যোগী কর্মক্ষম মহিলা | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা কার্যালয় | ঋণ প্রস্তাব প্রাপ্তির ১৫ দিনের মধ্যে | ১। ঋণ গ্রহণে ইচ্ছুক মহিলাদের স্থানীয় হতে হবে। ২। তাদের বয়স হবে ১৮-৫৫ বছর ৩। দুঃস্থ, স্বামী পরিত্যক্ত, বিধবা ও অবিবাহিত মহিলা এবং প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাগণ অগ্রাধিকার পাবেন ৪। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা চেয়ারম্যান ও জেলা কর্মকর্তা | ০২ (দুই) মাস পরে কিস্তি শুরু এবং ২২ কিস্তিতে পরিশোধ মাসিক কিস্তি হিসাবে। |
| ০৩ | আইনগত সহায়তা প্রদান | আইনগত সহায়তা প্রদান ও পারিবারিক সুরক্ষা আইন | নারী নির্ধাতন প্রতিরোধকল্পে পারিবারিক নির্ধাতনের শিকার বিশেষ করে স্বামী কর্তৃক নির্ধাতিত মহিলাদের আইনগত সহায়তা প্রদান | দুঃস্থ, অসহায় ও নির্ধাতিত মহিলা | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা কার্যালয় | আবেদন প্রাপ্তির ০৭ দিনের মধ্যে | | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা চেয়ারম্যান ও জেলা কর্মকর্তা | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় আইনগত সহায়তা কমিটির মাধ্যমে সহায়তা দেয়া হয় |
| ০৪ | সচেতনতা মূলক কর্মসূচী | উঠান বৈঠক | নারী নির্ধাতন প্রতিরোধ ও উন্নয়ন, নারী ও শিশু পাচার, যৌতুক ও বাল্য বিবাহ নিরোধকল্পে জনমত গঠনে সচেতনতা সৃষ্টি। | জেলার প্রান্তিক জনগোষ্ঠী | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা কার্যালয় | প্রতি মাসে | | জাতীয় মহিলা সংস্থা বাগেরহাট জেলা শাখা চেয়ারম্যান ও জেলা কর্মকর্তা | |
| ০৫ | অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (৩য় পর্যায়) | ১। বিজনেস ম্যানেজমেন্ট ২। ফ্যাশন ডিজাইন ৩। কার্টিং ৪। বিউটিকেশন ৫। বি এন্ড মার্শরুম কাল্টিভেশন | শহর অঞ্চলের অনগ্রসর, দরিদ্র, বেকার, বিত্তহীন মহিলাদের কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণে মাধ্যমে কর্মক্ষম ও দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলা এবং প্রাপ্ত প্রশিক্ষণ কাজে লাগিয়ে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। | দেশের অনগ্রসর, অবহেলিত, দরিদ্র, শিক্ষিত বেকার মহিলা | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা কার্যালয় | আবেদন প্রাপ্তি হতে ০১ মাস | নূন্যতম ৮ম শ্রেণী পাশ | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা চেয়ারম্যান ও জেলা কর্মকর্তা | কোর্সের মেয়াদ ৬৫ দিন। প্রতি ব্যাচে ২ শিফটে ৫০ জন। |
| ০৬ | নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প | ১। সেলাই ও এমব্রয়ডারী ২। ব্লক বাটিক ও স্ক্রীন প্রিন্ট ৩। নকশী কাঁথা ও কাটিং ৪। পোলিউ উন্নয়ন ৫। খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ৬। চামড়া জাত দ্রব্য তৈরী ৭। সাবান ও মোমবাতি তৈরী ৮। বাইন্ডিং ও প্যাকেজিং ৯। মোবাইল ইঞ্জিনিয়ারিং ১০। হাটসক্টিপিং ইত্যাদি ট্রেডে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | শহর অঞ্চলের অনগ্রসর, দরিদ্র, বেকার, বিত্তহীন মহিলাদের কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণে মাধ্যমে কর্মক্ষম ও দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলা এবং প্রাপ্ত প্রশিক্ষণ কাজে লাগিয়ে আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। | দেশের অনগ্রসর, অবহেলিত, দরিদ্র, শিক্ষিত বেকার মহিলা | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা কার্যালয় | আবেদন প্রাপ্তি হতে ০১ মাস | নূন্যতম ৮ম শ্রেণী পাশ | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা চেয়ারম্যান ও জেলা কর্মকর্তা | কোর্সের মেয়াদ ৪ মাস। প্রতি ব্যাচে ২শিফটে ৫০ জন। |
| ০৭ | জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) | কম্পিউটার প্রশিক্ষণ ও সাইবার ক্যাফে | দেশের সামগ্রিক উন্নয়ন সফলতা অর্জনের ক্ষেত্রে সরকারী অর্থানুকুল্যে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শিক্ষিত, শিক্ষিত-বেকার কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি করে অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা। | দেশের অনগ্রসর, অবহেলিত, দরিদ্র, শিক্ষিত বেকার মহিলা | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা কার্যালয় | আবেদন প্রাপ্তি হতে ০১ মাস | নূন্যতম এস, এস, সি পাশ | জাতীয় মহিলা সংস্থা যশোর জেলা শাখা চেয়ারম্যান ও জেলা কর্মকর্তা | কোর্সের মেয়াদ ৬ মাস। প্রতি ব্যাচে ২ শিফটে ৫০ জন |